120 mm X 285 mm

# Mepira®

Molnupiravir INN

## Composition

**Mepira®** 200 Capsule: Each capsule contains Molnupiravir INN 200 mg.

## Pharmacology

**Mepira®** is a preparation of Molnupiravir which is an antiviral drug. Molnupiravir is a prodrug that is metabolised to the ribonucleoside analogue N-hydroxycytidine (NHC) which distributes into cells where it is phosphorylated to form the pharmacologically active ribonucleoside triphosphate (NHC-TP). NHC-TP acts by a mechanism known as viral error catastrophe. NHC-TP incorporation into viral RNA by the viral RNA polymerase, results in an accumulation of errors in the viral genome leading to inhibition of replication.

## Indication

**Mepira®** is indicated for treatment of mild to moderate coronavirus disease 2019 (COVID-19) in adults with a positive SARS-COV-2 diagnostic test and who have at least one risk factor for developing severe illness.

## Dose and administration

***Route of administration:*** **Mepira®** is taken in oral route. It can be taken with or without food. The capsules should be swallowed whole with a sufficient amount of fluid (e.g., a glass of water). The capsules should not be opened, crushed or chewed.

### Adults

The recommended dose of **Mepira®** is 800 mg (four 200 mg capsules) taken orally every 12 hours for 5 days.

The safety and efficacy of molnupiravir when administered for periods longer than 5 days have not been established. **Mepira®** should be administered as soon as possible after a diagnosis of COVID-19 has been made and within 5 days of symptom onset.

If the patient misses a dose of **Mepira®** within 10 hours of the time it is usually taken, the patient should take as soon as possible and resume the normal dosing schedule. If a patient misses a dose by more than 10 hours, the patient should not take the missed dose and instead take the next dose at the regularly scheduled time. The patient should not double the dose to make up for a missed dose.

## Contraindication

Molnupiravir is contraindicated in patients with known hypersensitivity to molnupiravir or any other components of this product.

## Warning and precaution

No information has been found.

## Side effects

The most common side effects of molnupiravir are dizziness, headache, diarrhea, nausea, vomiting, rash and urticaria.

## Use in pregnancy and lactation

**Pregnancy:** Molnupiravir is not recommended during pregnancy. Women of childbearing potential should use effective contraception for the duration of treatment and for 4 days after the last dose of molnupiravir.

**Lactation:** Based on the potential for adverse reactions on the infant from molnupiravir, breastfeeding is not recommended during treatment and for 4 days after the last dose of molnupiravir.

## Use in children and adolescents

The safety and efficacy of molnupiravir in patients below 18 years of age have not been established.

## Drug interaction

**Drug interaction with medication:** No drug interactions have been identified based on the limited available data.

**Drug interaction with food and others:** Not applicable.

## Overdose

There is no human experience of overdose with molnupiravir. Treatment of overdose with molnupiravir should consist of general supportive measures including the monitoring of the clinical status of the patient. Haemodialysis is not expected to result in effective elimination of NHC.

## Storage

Store in a cool (below 30°C) and dry place protected from light. Keep away from the reach of children.

## Packing

**Mepira®** 200 Capsule: Each carton contains 10 capsule in blister pack.

® Registered Trade Mark

**Advanced Chemical Industries Limited**
7, Hajeegonj Road, Godnyl
Narayangonj, Bangladesh

030921

# মেপিরা®

মলনুপিরাভির আইএনএন

## উপাদান

**মেপিরা®** ২০০ ক্যাপসুলঃ প্রতি ক্যাপসুলে আছে মলনুপিরাভির আইএনএন ২০০ মিগ্রা।

## ফার্মাকোলজি

**মেপিরা®** হচ্ছে মলনুপিরাভির দ্বারা তৈরি যা একটি অ্যান্টিভাইরাল ওষুধ। মলনুপিরাভির একটি প্রোড্রাগ যেটি মেটাবোলাইজড হয়ে রাইবোনিউক্লিওসাইড অ্যানালগ এন-হাইড্রোক্সিসাইটিডিন (এনএইচসি) তৈরি করে যা পরবর্তীতে কোষের মধ্যে ঢুকে ফসফোরাইলেটেড হয়ে ফার্মাকোলজিক্যালি সক্রিয় রাইবোনিউক্লিওসাইড ট্রাইফসফেট (এনএইচসি-টিপি) তৈরি করে। এনএইচসি-টিপি ভাইরাল এরর ক্যাটাস্ট্রফি নামক একটি পদ্ধতিতে কাজ করে। ভাইরাল আরএনএ পলিমারেজ দ্বারা এনএইচসি-টিপি ভাইরাল আরএনএ তে যুক্ত হবার পর ভাইরাল জিনোমে এরর জমা হতে থাকে এবং এর ফলে ভাইরাসের বংশবৃদ্ধি বাধাপ্রাপ্ত হয়।

## নির্দেশনা

**মেপিরা®** মৃদু থেকে মাঝারি করোনাভাইরাস ডিজিজ ২০১৯ (কোভিড-১৯) এর প্রাপ্ত বয়স্ক রোগী যাদের SARS-COV-2 পরীক্ষায় পজেটিভ রিপোর্ট এসেছে এবং মারাত্মক অসুস্থতা সৃষ্টি করতে পারে এরকম অন্তত একটি ঝুঁকিপূর্ণ রোগ বা সমস্যা যাদের রয়েছে তাদের ক্ষেত্রে নির্দেশিত।

## সেবনমাত্রা ও প্রয়োগবিধি

***ওষুধ গ্রহণের পথঃ*** **মেপিরা®** মুখে গ্রহণ করা হয়ে থাকে। খাবারের আগে বা পরে এটি গ্রহণ করতে হবে। ক্যাপসুলটি গলাধঃকরণের সময় পর্যাপ্ত পরিমাণ পানি (১ গ্লাস পানি) পান করতে হবে। ক্যাপসুলটি খুলে, ভেঙ্গে গুড়ো করে অথবা চুষে খাওয়া যাবে না।

### প্রাপ্ত বয়স্ক

প্রতি ১২ ঘণ্টা পর পর ৮০০ মিগ্রা মাত্রায় (২০০ মিগ্রা করে ৪ টি ক্যাপসুল) মোট ৫ দিন **মেপিরা®** গ্রহণ করতে হবে।

৫ দিনের বেশি সময়ের জন্য মলনুপিরাভির ব্যবহারের নিরাপত্তা ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি। কোভিড-১৯ রোগ নির্ণয়ের পর যত তাড়াতাড়ি সম্ভব এবং রোগের লক্ষণ দেখা দেয়ার ৫ দিনের মধ্যে **মেপিরা®** গ্রহণ করতে হবে।

কোন রোগী **মেপিরা®** এর কোন একটি মাত্রা নির্ধারিত সময়ে গ্রহণ করতে ভুলে গেলে নির্ধারিত সময়ের ১০ ঘণ্টার মধ্যে যত তাড়াতাড়ি সম্ভব ওষুধটি গ্রহণ করতে হবে এবং পরবর্তীতে সাধারণ মাত্রার বিধিমালা অনুসরণ করতে হবে। মাত্রা গ্রহণের নির্ধারিত সময়ের পর ১০ ঘণ্টার বেশি অতিক্রান্ত হয়ে গেলে রোগী সেই মাত্রাটি আর গ্রহণ করতে পারবে না। সেক্ষেত্রে রোগীকে পরবর্তী মাত্রাটি সঠিক সময়ে গ্রহণ করতে হবে। ভুলে যাওয়া মাত্রাটির ক্ষতিপূরণে ওষুধের মাত্রা দ্বিগুণ করা যাবে না।

## প্রতিনির্দেশনা

যাদের মলনুপিরাভির বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে মলনুপিরাভির প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সচেতনতা

কোন তথ্য পাওয়া যায়নি।

## পার্শ্ব প্রতিক্রিয়া

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো হলো মাথা ঘোরা, মাথা ব্যথা, ডায়রিয়া, বমি বমি ভাব, বমি, র‍্যাশ এবং চুলকানি।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

**গর্ভাবস্থায়ঃ** গর্ভাবস্থায় মলনুপিরাভির ব্যবহার করা যাবে না। সন্তান জন্মদানে সক্ষম মহিলাদেরকে মলনুপিরাভির দ্বারা চিকিৎসা চলাকালীন এবং চিকিৎসা শেষ হবার ৪ দিন পর পর্যন্ত কার্যকরী জন্মনিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণের উপদেশ দিতে হবে।

**স্তন্যদানকালেঃ** শিশুদের ক্ষেত্রে মলনুপিরাভির ব্যবহারে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টির সম্ভাবনা থাকায় মলনুপিরাভির দ্বারা চিকিৎসা চলাকালীন এবং চিকিৎসা শেষ হবার ৪ দিন পর পর্যন্ত স্তন্যদান থেকে বিরত থাকতে হবে।

## শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার

১৮ বছরের কম বয়সী শিশু ও কিশোরদের ক্ষেত্রে মলনুপিরাভিরের নিরাপদ ব্যবহার ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

## ওষুধের প্রতিক্রিয়া

**অন্য ওষুধের সাথেঃ** সীমিত তথ্যের ভিত্তিতে কোন ওষুধের সাথে প্রতিক্রিয়া সম্বন্ধে জানা যায়নি।

**খাবার ও অন্য কিছুর সাথেঃ** প্রযোজ্য নয়।

## মাত্রাধিক্য

মানুষের ক্ষেত্রে মলনুপিরাভিরের মাত্রাধিক্যের কোন ঘটনা পাওয়া যায়নি। মলনুপিরাভিরের চিকিৎসায় রোগীর ক্লিনিক্যাল অবস্থা পর্যবেক্ষণ করতে হবে এবং সহায়ক চিকিৎসা দিতে হবে। এনএইচসির কার্যকরী নিষ্কাশনে হিমোডায়ালাইসিস এর ভূমিকা নেই।

## সংরক্ষণ

আলো থেকে দূরে, ঠাণ্ডা (৩০° সে. এর নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

## প্যাকিং

**মেপিরা®** ২০০ ক্যাপসুলঃ প্রতি কার্টুনে ১০ টি ক্যাপসুল ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক

**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ